

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ভূমি বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), ভূমি বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৮.৯৯.০৫২.২৪ নথির বিষয়: ফটোকপি মেশিন মেরামত করন প্রসংগে।

নোট: ১ নোটের বিষয়: ফটোকপি মেশিন মেরামত করন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৬/৯/২৪ ৩:৪২ অপরাহ্ন


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি বিভাগের চাহিদার প্রেক্ষিতে সংগ্রহ বিভাগ- ১ হতে IMAGERE RUNNER- 1643i মডেলের ১ (এক) টি ফটোকপি মেশিন ২০২০ সালে সরবরাহ করা হয়। গত ১ মাস যাবৎ মেশিনটি দ্বারা ঠিকমত ফটোকপি করা যাচ্ছে না। ফটোকপি করার সময় শব্দ হয় এবং ফটোকপি অস্পষ্ট হয়। কাগজ ভিতরে আটকে যায়। সংগ্রহ বিভাগ- ১ এ যোগাযোগ করা হলে উক্ত বিভাগ হতে জানানো হয় বর্ণিত ফটোকপি মেশিনের ওয়ারেন্টি ও গ্যারান্টির মেয়াদ শেষ হয়েছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৬/৯/২৪ ৩:৪২ অপরাহ্ন


উল্লেখ্য ভূমি বিভাগে জমি সংক্রান্ত রেকর্ডপত্রাদি এবং গুরুত্বপূর্ণ কাগজপত্রাদি ফটোকপি করতে হয়। ফটোকপি মেশিনটি খারাপ থাকায় জমি সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ফটোকপি করতে অসুবিধা হচ্ছে। ভূমি বিভাগের কাজের স্বার্থে ফটোকপি মেশিনটি মেরামত করা প্রয়োজন। ফটোকপি মেশিন মেরামত করার লক্ষ্যে একজন টেকনিশিয়ান দ্বারা ফটোকপিয়ারটি দেখানো হয়। টেকনিশিয়ান জানায় বর্ণিত ফটোকপি মেশিন এর বাম পাশের হিং (ফটোকপি মেশিনের যন্ত্রাংশ) নষ্ট হয়ে গিয়েছে। এক পাশের হিং নষ্ট হলে অন্য পাশের হিংও বাতিল হয়ে যায়। এটা এক সেট হিং হিসেবে থাকে। যার মূল্য জানানো হয় ১৬,০০০/- (ষোল হাজার) টাকা এবং কাজের মজুরী বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা সহ মোট ১৭,০০০/- (সতের হাজার) টাকা খরচ হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৬/৯/২৪ ৩:৪৪ অপরাহ্ন


এমতাবস্থায় ভূমি বিভাগের কাজের স্বার্থে ফটোকপিয়ারটি মেরামত করার লক্ষ্যে উল্লেখিত যন্ত্রাংশ ক্রয় করার জন্য ভূমি বিভাগের অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট “মুদ্রন ও মনোহরী” খাত হতে ১৭,০০০/- (সতের হাজার) টাকা মাত্র অস্থায়ী অগ্রীম হিসেবে উপ-সচিব, ভূমি বিভাগ, ঢাকা ওয়াসা বরাবর সদয় অনুমোদন দেয়া যায়। প্রকৃত ভাউচারের ভিত্তিতে বর্ণিত টাকা সমন্বয় করা হবে। সদয় পেশ করা হলো।



২৬/৯/২৪ ৩:৫২ অপরাহ্ন
গোলাম সরওয়ার
কম্পিউটার অপারেটর
ভূমি বিভাগ



২৬/৯/২৪ ৩:৫৬ অপরাহ্ন
মোঃ খবির হোসেন
কানুনগো
ভূমি বিভাগ




২৬/৯/২৪ ৩:৫৭ অপরাহ্ন
শামীম নাজিবা
উপ-সচিব
ভূমি বিভাগ


২৬/৯/২৪ ৩:৫৭ অপরাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
উপ ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৯/৯/২৪ ৯:২৯ পূর্বাহ্ন

approved



২৯/৯/২৪ ৯:৩০ পূর্বাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর



২৯/৯/২৪ ৯:৩৭ পূর্বাহ্ন
শামীম নাজিবা
উপ-সচিব
ভূমি বিভাগ

২৯/৯/২৪ ৯:৩৭ পূর্বাহ্ন
গোলাম সরওয়ার
কম্পিউটার অপারেটর
ভূমি বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা